হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৬৭ ঃ মেহেরপুর-শুক্রবার ২৬ ডিসেম্বর ২০২৫ ইং ঃ ১১ পৌষ ১৪৩২ বাংলা ঃ ৫ রজব ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



জ্যাকুলিনকে ফের চমকে দিলেন সুকেশ! -পৃষ্ঠা-৩



## যেকোনো মূল্যে দেশের শান্তিশৃঙ্খলা রক্ষা করতে হবে: তারেক রহমান

নিজস্ব প্রতিবেদক

প্রায় দেড় যুগের নির্বাসিত জীবন থেকে দেশে ফিরে যেকোনো মূল্যে শান্তিশৃঙ্খলা রক্ষার প্রত্যয় জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। একই সঙ্গে যেকোনো উসকানির মুখে শান্ত থাকার আহ্বান জানিয়েছেন তিনি।

গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের দেড় বছরের মাথায় ‘মব’ আক্রমণসহ অপরাধমূলক নানা কর্মকাণ্ডে

২-এর পৃষ্ঠা দেখুন



### কনকনে ঠাণ্ডাকে উপেক্ষা

# ‘রাজনীতির রাজপুত্র’ বরণে নেতাকর্মীরা

নিজস্ব প্রতিবেদক

পৌষের মাঝামাঝিতে শৈত্যপ্রবাহ বয়ে না গেলেও রোদের দেখা না মেলায় এবং উত্তরী বাতাসে কনকনে ঠাণ্ডা দেশের অন্যান্য স্থানের মতো রাজধানীতেও। আর এই শীতকে উপক্ষো করেই বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে বরণ করে নিতে ঐতিহাসিক জমায়েত করেছে দলটির নেতাকর্মী, সাধারণ মানুষ।

দীর্ঘ ১৭ বছরের নির্বাসন শেষে দেশে ফিরছেন রাজনীতির রাজপুত্র। তার আগমনের মধ্য দিয়ে কেবল বিএনপির রাজনীতিই চাঙ্গা হবে এমন নয়।

দেশের গণতান্ত্রিক যাত্রায় এক নতুন দিগন্তের সূচনা হবে বলেই মনে করছেন দেশবাসী। যে কারণে আবাল, বৃদ্ধ, বনিতা, নানা মতের, নানা পেশার মানুষ সারাদেশ থেকে অবস্থান করছেন রাজধানীর উত্তরা থেকে পূর্বাচলের ৩০০ ফিট এলাকায়। মূলত ৩০০ ফিট এলাকায় সংক্ষিপ্ত সংবর্ধনা অনুষ্ঠানে তারেক রহমান একক বক্তৃতা করে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার এভারকেয়ার হাসপাতালে মা খালেদা জিয়াকে দেখতে আসবেন। সেখান থেকে যাবেন গুলশানের বাসভবনে।

নেতার এই আগমনে পুরোটা পথে আগের রাত থেকেই মানুষ অবস্থান নিয়েছে। প্রতিবেদন লেখা সময় পর্যন্ত মানুষের ঢল ৩০০ ফিট এলাকার দিকে। তবে সেখানে এতো মানুষের সংকুলান না হওয়ায় অনেকেই আশপাশের সব এলাকায় অবস্থান নিয়েছে। অনেককে চাদর, কম্বল চেপেও অবস্থান নিতে দেখা গেছে।

কনকনে ঠাণ্ডায় জুবুথুবু হয়েও অনেকে মাথায় বেঁধেছেন দলীয় পতাকা। হাতে রেখেছেন

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে বড়দিন উদযাপনে আনন্দ-উচ্ছ্বাস, বিশেষ প্রার্থনায় শান্তির বার্তা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে খ্রিষ্টান সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব বড়দিন উৎসবমুখর পরিবেশে পালিত হয়েছে। ধর্মীয় ভাবগাম্ভীর্য, আনন্দ-উচ্ছ্বাস ও নানা আয়োজনে মুখর ছিল জেলার চার্চপাড়া ও খ্রিষ্টান অধ্যুষিত এলাকাগুলো।গতকাল বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) সকাল সাড়ে ৮টা থেকে মুজিবনগরের ভবেরপাড়া চার্চসহ জেলার মোট ২৯টি গির্জায় একযোগে শুরু হয় বিশেষ প্রার্থনা। ভোর থেকেই নানা বয়সী ভক্তদের ঢল নামে গির্জাগুলোতে। নতুন পোশাকে সেজে নারী-পুরুষ, শিশু ও প্রবীণরা পরিবার-পরিজন নিয়ে সমবেত হন। গির্জার ভেতর ও বাইরে ছিল রঙিন আলোকসজ্জা,



ফুলের সাজ ও মনোমুগ্ধকর শোভা। ঘণ্টাধ্বনি আর ধর্মীয় সঙ্গীতের ছোঁয়ায় চারদিকে সৃষ্টি হয় এক ভিন্ন আবহ। যিশু খ্রিষ্টের জন্মদিন উপলক্ষে ধর্মপ্রাণ খ্রিষ্টানরা দেশ-জাতি, বিশ্বশান্তি, মানবতা, দয়া এবং মানুষের মঙ্গল কামনা করে প্রার্থনায় অংশ নেন। চলে মূল প্রার্থনা অনুষ্ঠান সকাল ১০টা পর্যন্ত।

ধর্মীয় বিশ্বাস অনুসারে, এদিন মা মারিয়ামের কোলে গোয়ালঘরে জন্ম নেন মানবতার ত্রাতা যিশু খ্রিষ্ট। মানবজাতিকে পাপ থেকে মুক্তি ও শান্তির পথে আহ্বান করাই ছিল তাঁর আগমনের উদ্দেশ্য—এমন বিশ্বাসের মধ্য দিয়েই বড়দিনকে ঘিরে খ্রিষ্টানদের মাঝে তৈরি হয় গভীর ধর্মীয় অনুভূতি।

প্রার্থনা শেষে ভক্তরা জেলার বিভিন্ন স্থানে স্থাপিত প্রতীকী গোয়ালঘর (ক্রিসমাস কটেজ) পরিদর্শন করেন। চলে কীর্তন, ধর্মীয় গান ও সাংস্কৃতিক পরিবেশনা। শিশু-কিশোরদের জন্য ছিল নানা বিনোদনের আয়োজন। ঘরে ঘরে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে; পিঠা-পুলি, কেক ও নানা মুখরোচক খাবারের আয়োজন করেন পরিবারগুলো। এলাকায় ছোট-বড় সবার মাঝে দেখা যায় সৌহার্দ্য ও মিলনমেলার দৃশ্য। এ ছাড়া বড়দিনকে ঘিরে প্রতিটি চার্চ প্রাঙ্গণে বসে ছোটখাটো মেলা। যেখানে ছিল

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর-১ আসনে মনোনীত সাবেক এমপি মাসুদ অরুন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-১ আসনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর চূড়ান্ত মনোনয়ন পেয়েছেন সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বুধবার রাতে রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রাজনৈতিক কার্যালয় থেকে আনুষ্ঠানিকভাবে মনোনয়নপত্র তুলে দেওয়া হয়। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, মেহেরপুর-১ আসনটি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ। সাবেক এমপি হিসেবে মাসুদ

২-এর পৃষ্ঠা দেখুন

## দুজনের হাসি থেমে গেল দুর্ঘটনায়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে এক ভয়াবহ সড়ক দুর্ঘটনায় আহত রকিবুল ইসলাম চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। মাত্র দেড় মাস আগে বিবাহবন্ধনে আবদ্ধ এই যুবকের আকস্মিক মৃত্যুর সংবাদে পরিবার, আত্মীয়স্বজন এবং এলাকাবাসীর মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। বুধবার দিবাগত রাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুর খবর নিশ্চিত হয়। বৃহস্পতিবার সকাল ১০টায় জানাজা শেষে তাকে দাফন করা হয়েছে।

রকিবুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের শামসুল হুদার ছেলে। তিনি মালয়েশিয়া প্রবাস ফেরত ছিলেন

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে বড়দিনে শুভেচ্ছা জানালেন ইউএনও

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাইফুল হুদা খ্রিষ্টান ধর্মালম্বীদের শুভ বড়দিন উদযাপন উপলক্ষে উপজেলার বিভিন্ন গির্জা পরিদর্শন করেছেন এবং ধর্মালম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন। গতকাল বৃহস্পতিবার দুপুরে মুজিবনগর উপজেলার বল্লপুর ও ভবেরপাড়া গির্জা পরিদর্শনকালে তিনি গির্জায় দায়িত্বপ্রাপ্ত ও নিরাপত্তা সংক্রান্ত কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীর কৃষকের ৬ বিঘা ধানের বিচালী আগুনে পুড়ল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে শত্রুতা করে সেন্টু মিয়া নামের এক কৃষকের ৬ বিঘা জমির ধানের বিচালী আগুন দিয়ে পুড়িয়ে দিয়েছে দুর্বৃত্তরা। ঘটনায় দিশেহারা হয়েছেন ক্ষতিগ্রস্ত কৃষক। বুধবার (২৪ ডিসেম্বর) দিবাগত রাত ১২টার দিকে উপজেলার চেংগাড়া গ্রামের পূর্ব পাড়ায় এ ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত সেন্টু মিয়া জানান, বাড়ির দুই-তিনটি গরুর খাবারের জন্য তিনি এই বিচালী রেখেছিলেন। আগের দিনই কয়েকজনের সঙ্গে ধান কাটা-মাড়াই নিয়ে বাকবিতন্ডা হয়েছিল। রাত সাড়ে ১২টায় তিনি দেখতে পান বিচালী জ্বলে

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে ভারতীয় মদ, যৌন উত্তেজক ট্যাবলেট উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে ভারতীয় মদ, সিলডিনাফিল ট্যাবলেট ও চকলেট বাজি উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। উদ্ধারকৃত মালামালের আনুমানিক বাজারমূল্য দুই লাখ ৮৩ হাজার ৫০০ টাকা। গতকাল বৃহস্পতিবার দুপুর ২টার দিকে ৪৭ বিজিবি কাজিপুর ক্যাম্প থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়। বিজিবি জানায়, আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৪৬/৪-এস থেকে আনুমানিক ৩০

২-এর পৃষ্ঠা দেখুন




ঐতিহ্যের ৬০ বছর

প্রতিষ্ঠাতা :- মরহুম হাজী গিয়াস উদ্দিন

প্রো: মো: আলমগীর বাদশা শিল্টন

নতুন স্বাদের খোঁজে গিয়াস মিস্টান্ন ভান্ডার

আপনিকি খুঁজছেন মধুর স্বাদে, ঘরোয়া তাজা মিস্টি এবং মনোমুগ্ধ অভিজ্ঞতা?
হোটেল বাজার শিল্টন টাওয়ারে গিয়াস মিস্টান্ন ভান্ডারে এসেছে নতুন নতুন স্বাদের মিস্টি-- মালাইকারি, হাড়ি ভাংগা, সর মালাই,ইরানী ভোগ, শাহী চমচম, ঘি পানতোয়া, গোলাপ জাম, লেংচা, শাহী স্পেশাল দই ---আরো হরেক স্বাদের অনেক মিস্টি।

মেহেরপুরের এতিহ্যবাহী মিষ্টি এখন আরো কাছে

শিল্টন টাওয়ার, প্রধান সড়ক
হোটেলবাজার, মেহেরপুর।

মোবাইল :
০১৭১২-৬২০৪৮৬
০১৭১১-৩১৪১৮৬




## কালীগঞ্জে অস্ত্র ও ইয়াবা জব্দ, দুজন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জে পুলিশ ও যৌথ বাহিনীর পৃথক অভিযানে ১টি ওয়ান শুটারগান, ২টি ককটেল এবং ইয়াবা জব্দ করা হয়েছে। এ সময় সজিব হোসেন (২৮) ও তানভীর উদ্দিন (২১) নামে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। বুধবার (২৪ ডিসেম্বর) সন্ধ্যা ৭টার দিকে কালীগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা ও উল্লা গ্রামে অভিযান চালানো হয়। পুলিশের তথ্য অনুযায়ী, বালিয়াডাঙ্গা গ্রামে ইয়াবা জব্দ করা হয় এবং দুই জনকে

২-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে উৎসবমুখর পরিবেশে উদযাপিত শুভ বড়দিন

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহে শান্তি, মুক্তি ও মানবতার বার্তা নিয়ে খ্রিস্টান ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব ‘শুভ বড়দিন’ উৎসবমুখর পরিবেশে উদযাপিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল থেকেই জেলার গির্জাগুলোতে ছিল ভক্তদের উপচে পড়া ভিড়। সকাল ১০টায় কালীগঞ্জ ব্যাপটিস্ট চার্চসহ জেলার ছয়টি উপজেলার বিভিন্ন গির্জায় বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে দিনটির শুভ সূচনা করা হয়। অনুষ্ঠান শুরুতেই যিশু খ্রিস্টের

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াতের সঙ্গে এনসিপির আসন সমঝোতার আলোচনা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সঙ্গে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আসন সমঝোতার বিষয়ে আলোচনা চালাচ্ছে। বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) বিবিসি বাংলাকে বিষয়টি নিশ্চিত করেছেন জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তবে এনসিপি পক্ষ থেকে বলা হয়েছে, আলোচনা চললেও এখন পর্যন্ত কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। এনসিপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (আসছেন তারেক রহমান)

নামলো তারেক বিমান থেকে
কুশল করলো শেষ
জুতা খুলে মাটি হাতে
আগে বাংলাদেশ।
মাটি ছুঁয়ে করলো শপথ
সতের বছর পরে
কোটি জনতার আগমন
থাকবে সবার মনে।
তারেক জিয়া আসলো দেশে
সারা বাংলা হাসলো
বলল তারেক জনসভায়
দেশকে ভালো বাসবো।
সতের বছর লড়াই করেছি
ছিল না বাক স্বাধীনতা
ফ্যাসিস্ট তাড়িয়ে গড়তে হবে
স্বাধীন হবে মানবতা।




সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর ॥ শুক্রবার ॥ ১১ পৌষ ১৪৩২ বাংলা ॥ ২৬ ডিসেম্বর ২০২৫ইং

# নির্বাচন সামনে, মেহেরপুরে বিএনপির কোন্দল চরমে


নিজস্ব প্রতিবেদক



ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘনিয়ে আসতেই মেহেরপুর জেলা বিএনপিতে কোন্দল নতুন করে মাথাচাড়া দিয়েছে। ঘোষিত দুই প্রার্থীর বাইরে আরও পাঁচজন মনোনয়নপত্র সংগ্রহ করায় তৃণমূল থেকে শীর্ষ পর্যায় পর্যন্ত অস্থিরতা তৈরি হয়েছে। এতে দলীয় শৃঙ্খলাও মারাত্মকভাবে ভেঙে পড়েছে বলে অভিযোগ উঠেছে। জানা গেছে, ১৭ ডিসেম্বর মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনে বিএনপির প্রার্থী সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণের পক্ষে তাঁর ছোট ভাই ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন এবং একই দিন মেহেরপুর-২ (গাংনী) আসনে সাবেক এমপি আমজাদ হোসেন মনোনয়ন ফরম তোলেন। এর পরদিন মনোনয়নবঞ্চিত জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন মনোনয়ন সংগ্রহ করেন। এরপর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেনের পক্ষে ও মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদও

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# লেখার সময় হাত কাঁপে কেন? সমস্যা, কারণ ও করণীয়

সূর্যোদয় প্রতিবেদন

লেখার সময় হাত কেঁপে যাওয়া অনেকের জন্যই অস্বস্তিকর ও বিব্রতকর একটি সমস্যা। শিক্ষার্থী, চাকরিজীবী কিংবা বয়স্ক–সব বয়সেই এ সমস্যার দেখা মিলতে পারে। অনেক সময় সাময়িক হলেও, কখনো কখনো এটি শারীরিক বা মানসিক জটিলতার ইঙ্গিত দেয়। তাই বিষয়টিকে অবহেলা না করে এর কারণ ও সমাধান জানা জরুরি। কেন হাত কাঁপে ? চিকিৎসকদের মতে, লেখার সময় হাত কাঁপার পেছনে একাধিক কারণ থাকতে পারে।

মানসিক চাপ ও উদ্বেগ এ সমস্যার অন্যতম কারণ। পরীক্ষা, ইন্টারভিউ কিংবা গুরুত্বপূর্ণ কাজের সময় অতিরিক্ত দুশ্চিন্তায় হাত কাঁপতে পারে। এ ধরনের কাঁপুনি সাধারণত সাময়িক। অতিরিক্ত চা-কফি বা এনার্জি ড্রিংক গ্রহণের ফলে স্নায়ু উত্তেজিত হয়ে হাত কাঁপে। ধূমপানেও একই সমস্যা দেখা দিতে পারে। শারীরিক দুর্বলতা ও পুষ্টিহীনতা, বিশেষ করে রক্তস্বল্পতা, ভিটামিন বি১২ বা ডি-এর ঘাটতিতে হাত কাঁপার প্রবণতা বাড়ে। দীর্ঘ সময় না খেয়ে থাকলেও এমন হতে পারে। কিছু ক্ষেত্রে স্নায়বিক সমস্যার কারণেও হাত কাঁপে। এসেনশিয়াল ট্রেমর বা পারকিনসন রোগে আক্রান্ত ব্যক্তিদের হাত লেখার সময় বেশি

৩-এর পৃষ্ঠা দেখুন




# মানবতার দেয়াল: শীতার্তদের পাশে 'বাড়ি মেহেরপুর

মুহম্মদ মহসীন

মানবিকতার সৌন্দর্যে সমাজকে রাঙাতে নিরবচ্ছিন্নভাবে কাজ করছে সামাজিক সংগঠন 'বাড়ি মেহেরপুর' গ্রুপ। সমাজের অন্যায়, অবিচার ও অবহেলার বিরুদ্ধে প্রতিজ্ঞাবদ্ধ এই গ্রুপ গড়ে তুলছে মানবিক সমাজভাবনা। সম্প্রতি মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় জনস্বাস্থ্য সরকারি প্রতিষ্ঠানের পশ্চিম পাশে তাদের ব্যতিক্রমী উদ্যোগ "মানবতার দেয়াল" স্থাপন করা হয়েছে। এখানে টাঙানো হয়েছে পোস্টার ও হ্যাঙ্গার, যার মূল বার্তা–"মানুষ মানুষের জন্য"। শীতার্ত মানুষের জন্য উন্মুক্তভাবে ঝুলিয়ে রাখা হয়েছে শীতবস্ত্র। এই উদ্যোগে সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশ নিচ্ছেন। কেউ পুরনো কিন্তু ব্যবহারযোগ্য শীতের কাপড় নিয়ে দান করছেন, আর দুস্থ, অনাথ ও যাযাবররা তা পেয়ে শীত থেকে বাঁচতে গায়ে তুলে নিচ্ছেন উষ্ণ পোশাক। পথচারীরাও মানবিক এই দৃশ্য

৩-এর পৃষ্ঠা দেখুন

## তারেক রহমানকে সমর্থন জানিয়ে এনসিপি নেতার পদত্যাগ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা অনুযায়ী নতুন রাজনৈতিক বন্দোবস্ত গড়ে তোলার প্রতিশ্রুতি রক্ষা করতে ব্যর্থ হওয়ার অভিযোগ এনে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন দলটির কেন্দ্রীয় যুগ্ম সদস্যসচিব মীর আরশাদুল হক। একই সঙ্গে তিনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের প্রতি প্রকাশ্যে সমর্থন জানিয়েছেন। বৃহস্পতিবার সকালে নিজের ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে মীর আরশাদুল হক এনসিপির সব পদ থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন। তিনি জানান, চট্টগ্রাম-১৬ (বাঁশখালী) সংসদীয় আসনে এনসিপির মনোনীত প্রার্থী হিসেবেও তিনি আর নির্বাচন করছেন না। পদত্যাগের কারণ ব্যাখ্যা করে তিনি লেখেন, জুলাই গণ-অভ্যুত্থানের চেতনা ও

৩-এর পৃষ্ঠা দেখুন



# সড়কের মাঝে খুঁটি, বিপদে পথচারী

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়ার খোকসা উপজেলায় ১১.৫ কিলোমিটার সড়ক সম্প্রসারণকাজ চলাকালীন রাস্তার মাঝখানে বৈদ্যুতিক খুঁটি বসিয়ে ও খালের সুইচগেটসহ বক্স কালভার্টের গাইড ওয়াল ঢেকে দেওয়ায় পথচারীদের জন্য সড়কটি মরণ ফাঁদে পরিণত হয়েছে। সরেজমিনে দেখা গেছে, উপজেলার জানিপুর ও বেতবাড়িয়া ইউনিয়নের প্রায় ১০ গ্রামের মানুষ এই সড়ক দিয়ে সদরে যাতায়াত করেন। তবে রাস্তার অধিকাংশ অংশে তিন ফুট চওড়া ও দুই ফুট গভীর খানা খুঁড়ে কাজের কারণে চলাচল কঠিন হয়ে পড়েছে। ২০২২-২৩ অর্থবছরে ১৭ কোটি টাকার আর সি আই পি প্রকল্পের অধীনে রাস্তা মেরামতের কাজের ঠিকাদার প্রতিষ্ঠান ইউনুস অ্যান্ড ব্রাদাস বিভিন্ন স্থানে রাস্তা পাকা করার সময় রাস্তার ভিতরে ১১৫টি বৈদ্যুতিক খুঁটি রেখে দিয়েছে। এ ছাড়া চাঁদট খালের সুইচগেট ও বক্স কালভার্টের গাইড ওয়াল ঢেকে দেওয়া হয়েছে, ফলে

৩-এর পৃষ্ঠা দেখুন

## তারেক রহমানের আগমনে রাজনৈতিক শূন্যতা পূরণ হবে: প্রেস সচিব

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন বাংলাদেশের রাজনৈতিক শূন্যতা পূরণ করবে বলে মনে করেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) বড়দিন উপলক্ষে খ্রিষ্টধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করতে তেজগাঁওয়ের পবিত্র জপমালা রাণী গির্জায় গিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। শফিকুল আলম বলেন, "বাংলাদেশে সত্যিকার অর্থে কিছু রাজনৈতিক শূন্যতা রয়েছে। তারেক রহমানের দেশে আগমনে তা পূরণ হবে। তিনি দেশের সবচেয়ে বড় দলের নেতা, তাই তার দেশে আসার প্রভাব অত্যন্ত ইতিবাচক হবে।" আগামী নির্বাচনের প্রেক্ষাপটে তিনি আরও বলেন, দেশ একটি গণতান্ত্রিক উত্তরণে (ডেমোক্র্যাটিক ট্রানজিশন)

৩-এর পৃষ্ঠা দেখুন



# প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী খোদা বকশ চৌধুরীর পদত্যাগ

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত) খোদা বকশ চৌধুরী পদত্যাগ করেছেন। বুধবার রাতে মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশীদের স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী পদমর্যাদায় নির্বাহী ক্ষমতা অনুশীলনের দায়িত্বপ্রাপ্ত বিশেষ সহকারী খোদা বকশ চৌধুরীর পদত্যাগপত্র মহামান্য রাষ্ট্রপতি গ্রহণ করেছেন। প্রজ্ঞাপনে আরও জানানো হয়, তার পদত্যাগ অবিলম্বে কার্যকর হবে সাবেক পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) খোদা বকশ চৌধুরীকে ২০২৪ সালের ১০ নভেম্বর প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী হিসেবে নিয়োগ দেওয়া হয়। ওইদিন প্রতিমন্ত্রীর মর্যাদায় তিনজনকে বিশেষ সহকারী

৩-এর পৃষ্ঠা দেখুন

## ঢাকা-১৫ আসনে মনোনয়নপত্র নিলেন জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্য ঢাকা-১৫ আসন থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (২৫ ডিসেম্বর) জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়েরের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আগারগাঁওয়ের রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে মনোনয়নপত্রটি জমা দেন। ঢাকার আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার মো. ইউনুচ আলী জানান,

৩-এর পৃষ্ঠা দেখুন



# দেশে ফিরছেন মোস্তাফিজ ও তাসকিন

সূর্যোদয় প্রতিবেদন

সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল লিগ (আইএল) টি-টোয়েন্টিতে খেলেছেন বাংলাদেশের দুই পেসার মোস্তাফিজুর রহমান ও তাসকিন আহমেদ। ২৩ ডিসেম্বর পর্যন্ত খেলার জন্য অনাপত্তিপত্র (এনওসি) থাকা সত্ত্বেও তারা নিজের দলের শেষ ম্যাচ খেলেই দেশে ফিরছেন। আইএল টি-টোয়েন্টিতে মোস্তাফিজুর রহমানের দল দুবাই

৩-এর পৃষ্ঠা দেখুন

## মগবাজারে বিস্ফোরণে যুবক নিহতের ঘটনা 'আ. লীগের পরিকল্পিত সন্ত্রাস'

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর মগবাজার ফ্লাইওভারের ওপর থেকে ছোড়া ককটেল বিস্ফোরণে সিয়াম মজুমদার (২১) নামে এক যুবক নিহত হয়েছেন। পুলিশের প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, এটি কার্যক্রম নিষিদ্ধ রাজনৈতিক দল আওয়ামী লীগের পরিকল্পিত ও ধারাবাহিক ককটেল সন্ত্রাসের অংশ। ডিএমপির উপ-পুলিশ কমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান বুধবার রাতে জানান, রাত ৭টা ১০ মিনিটে মগবাজার নিউ ইস্কাটন রোডে কেন্দ্রীয় মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ রুহুল আমিন খান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
কনসালটেন্ট (মেডিসিন)
নিউরোমেডিসিন ও কার্ডিওলজিতে উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত
রোগী দেখার সময় :
প্রতি সোমবার ওমঙ্গলবার বিকাল ৩টা থেকে রাত ৮টা
সনোল্যাব ও সনো নার্সিং হোম
হাসপাতাল রোড, মেহেরপুর
যোগাযোগ : ০১৭৩০-৪৮৪০৯৮, ০১৭৩০-৪৮৪০৯৯

জামান ক্লথ ষ্টোর
আপনার আস্থার পোশাকের বিশ্বস্ত ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক।
সালোয়ার কামিজ থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি–
সবকিছুরই বিশাল কালেকশন।
ঈদ, পূজা, বিয়ে কিংবা যেকোনো উৎসবে থাকছে
বিশেষ আকর্ষণীয় কালেকশন।
ন্যায্য দমে গুণগত মানেই আমাদের পরিচয়
একবার আসুন, দেখুন– পার্থক্য নিজেই বুঝবেন।
প্রধানসড়ক, বড়বাজার মেহেরপুর
☎: ০১৭১৮৫৫২৭৮৪, ০১৬৭০৯৮০০৪৪

ইনফো

## পোস্টে সর্বোচ্চ পাঁচটি হ্যাশট্যাগ ব্যবহার করা যাবে

সূর্যোদয় প্রতিবেদন

ইনস্টাগ্রামে পোস্ট বা রিলসে হ্যাশট্যাগ ব্যবহারের ওপর নতুন সীমা আরোপ করা হয়েছে। জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যমটি জানিয়েছে, এখন থেকে একটি পাবলিক পোস্টে সর্বোচ্চ পাঁচটি হ্যাশট্যাগ ব্যবহার করা যাবে। ইনস্টাগ্রামের প্রধান অ্যাডাম মোসেরি জানিয়েছেন, অতিরিক্ত হ্যাশট্যাগ ব্যবহার করে কনটেন্টের রিচ বা ভিউ বাড়ানো যায়–এমন ধারণা সঠিক নয়। বরং কম কিন্তু প্রাসঙ্গিক হ্যাশট্যাগ ব্যবহার করলে কনটেন্ট সঠিক দর্শকের কাছে পৌঁছানোর সম্ভাবনা বেশি থাকে। ইনস্টাগ্রামের ভাষ্য, এই সিদ্ধান্তের মূল লক্ষ্য হলো হ্যাশট্যাগের অপব্যবহার ঠেকানো এবং কৃত্রিমভাবে ভিউ




বা এনগেজমেন্ট বাড়ানোর প্রবণতা কমানো। অনেক ব্যবহারকারী অতিরিক্ত সাধারণ

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
সাবেক মেয়র মোতাছিমবিল্লাহ মতু'র বাসা, কাঁসাড়িপাড়া, মেহেরপুর।
মোবা : ০১৩০৬-৯২৫৬২৫, মাকেটিং : ০১৭১৩-৯১২৫৫১, ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রুগী দেখছেন
শিশুরোগ,শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ :- ডাঃ এম. র.মালিক
এমবিবিএস(আয়ার ল্যান্ড),এমএসসি(পুষ্টি) ডিসিএম, সিসিড, এএসসি(সাইকো) এমপিএইচ, আইপিপিএস(অষ্ট্রেলিয়া), সিসিডি, পিজিপিএন বোস্টন ইউনিভারসিটি (আমেরিকা), এফআর এস এম (লন্ডন), এফআরএসএইচ(লন্ডন),এমএমএস (ভিয়েনা) সিপেড, বিসিএস (স্বাস্থ্য), ফেলেঅ রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসার ও বিভাগীয় প্রধান (এক্স) নির্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল।
রুগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
ডাঃ কানিজ নাঈমা:- নবজাতক,শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),ডিসিএইচ(শিশু),জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল,মেহেরপুর।
রুগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা-৩টা (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রী রোগ , সার্জন ও সনোলজিস্ট:- ডা.রুমানা হেলালী (জুসি)
এমবিবিএস(ঢাকা),বিসিএস(এফপি),ডিএমইউ.ই ও সি(অবস এন্ড গাইনী, মেডিকেল অফিসার , মা ও শিশু কল্যাণ কেন্দ্র মেহেরপুর। গাংনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী,প্রসূতী, কিশোরী ও শিশু রোগের চিকিৎসক
ডা: মুতাকী বিল্লাহ শাফিন
আবাসিক মেডিকেল অফিসার
মায়ের হাসি ক্লিনিক
ডাঃএস.এম. আরাফাত রহমান আকাশ
এমবিবিএস(ডিইউ).সিসিডি(বার্ডেম),পিজিটি (মেডিসিন)সিএনইউ(আল্ট্রা),এইচ.এম.ও
রুগী দেখেন : প্রতি শুক্র ও শনিবার সকাল ১০- রাত্রি ৮টা
পরীক্ষাসমুহ : ইসিজি(কম্পিউটারাইজড),এক্স-রে, আল্ট্রাসনোগ্রাফি, হরমন এনালাইসিস,সকল প্রকার প্যাথলজি পরীক্ষা,মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলেভারি, সিজারিয়ান ও সবধরনের অপারেশন, আধুনিক যন্ত্র পাতি ও যন্তবান সেবা।

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এমবিবিএস,(ডিইউ),বিসিএস (স্বাস্থ্য.)
ডি-কার্ড কার্ডিওলজি এফ.সি.পি.এস, (মেডিসিন),সি.সি.ডি(বারডেম),এক্স রেসিডেন্ট কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার জেনারেল হাসপাতাল, মেহেরপুর
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
হৃদরোগ, (হার্টের সমস্যা,হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর,হৃদরোগ জনিত শ্বসকষ্ট বুক ধড় পড় করা, হার্টের ভাল্বের সমস্যা, জন্মগত হার্টের ছিদ্র,এজমা ও শ্বাসকষ্ট-বক্ষব্যধি,ডায়াবেটিস,ব্যাথব্যাথা,বাতজ্বর,কিডনী রোগ,প্রেসার(উচ্চ রক্তচাপ) রক্তে কলেষ্টের বৃদ্ধি, লিভার ও পরিপাকতন্তেদ্রর রোগ, জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রুগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন
শনি থেকে বুধ বার বিকাল ৩ টা থেকে রাত ৮ টা পর্যন্ত
রাবেয়া মেডিকেল সার্ভিসেস
হাসপাতাল গেট,মেহেরপুর।
সিরিয়াল : 01754-974466, 01724-773138,

দিন-রাত মানবিক সেবার লক্ষে
--কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব --
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮
স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-
মডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম) ,এম.আর. স.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা
ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন - ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা
নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ, স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা
গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি. এম. ইউ (আল্ট্রাসনোগ্রাফি)।
রোগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা
--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --
হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।
ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক)
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ২৬ ডিসেম্বর ২০২৫ ইং

## মাদকবিরোধী অভিযানে কঠোরতা প্রয়োজন, পাশাপাশি পুনর্বাসন জরুরি

মেহেরপুরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাতজন মাদকসেবীর কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান আবারও প্রমাণ করে–মাদক নির্মূলে প্রশাসনের তৎপরতা অব্যাহত রয়েছে। জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও প্রশাসনের সমন্বিত অভিযানে মাদক উদ্ধার, আসামি আটক এবং তাৎক্ষণিক বিচার–আইনের শাসন প্রতিষ্ঠায় তা নিঃসন্দেহে ইতিবাচক উদ্যোগ। মাদক একটি সামাজিক ব্যাধি। এটি ব্যক্তি, পরিবার ও সমাজকে ধীরে ধীরে ধ্বংসের পথে ঠেলে দেয়। মেহেরপুরের মতো সীমান্তঘেঁষা জেলাগুলোতে মাদক প্রবেশ ও বিস্তারের ঝুঁকি তুলনামূলক বেশি–এ বাস্তবতা মাথায় রেখে প্রশাসনের সক্রিয়তা আরও জোরদার হওয়া প্রয়োজন। ভ্রাম্যমাণ আদালতের শাস্তি তাৎক্ষণিক প্রতিরোধ সৃষ্টি করে এবং অপরাধে জড়িতদের জন্য সতর্কবার্তা হিসেবে কাজ করে। তবে এখানে একটি গুরুত্বপূর্ণ প্রশ্নও উঠে আসে–শুধু শাস্তিই কি সমস্যার স্থায়ী সমাধান? মাদকসেবীরা অনেক ক্ষেত্রেই অপরাধী নয়, বরং চিকিৎসা ও পুনর্বাসনের প্রয়োজন থাকা রোগী। শাস্তির পাশাপাশি কাউন্সেলিং, চিকিৎসা ও পুনর্বাসন কর্মসূচি জোরদার না হলে তারা আবারও একই পথে ফিরে যেতে পারে। ফলে আইন প্রয়োগের সঙ্গে সঙ্গে সামাজিক সচেতনতা, পরিবারভিত্তিক নজরদারি এবং পুনর্বাসন ব্যবস্থাকে সমান গুরুত্ব দিতে হবে। এ ছাড়া মাদক সরবরাহকারী চক্রের মূল হোতাদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ জরুরি। খুচরা পর্যায়ের সেবীদের শাস্তির পাশাপাশি বড় চক্র ভেঙে না দেওয়া গেলে মাদকের আগ্রাসন থামানো কঠিন হবে। মাদকমুক্ত সমাজ গড়তে প্রশাসনের অভিযান, বিচারিক দৃঢ়তা এবং মানবিক পুনর্বাসন–এই তিনের সমন্বয় অপরিহার্য। মেহেরপুরের সাম্প্রতিক অভিযান সেই পথেই একটি প্রয়োজনীয় পদক্ষেপ; এখন দরকার দীর্ঘমেয়াদি ও সমন্বিত উদ্যোগ।

## মেহেরপুরে বড়দিন উদযাপনে

(প্রথম পৃষ্টার পর)

খেলনা, খাবার, ধর্মীয় সামগ্রী ও নানা পণ্যের দোকান। সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে নেয়া হয় বিশেষ নিরাপত্তা ব্যবস্থা। ফলে কোনো ধরনের অঘটন ছাড়াই শান্তিপূর্ণ পরিবেশে উৎসব সম্পন্ন হয়। স্থানীয় খ্রিষ্টান সম্প্রদায়ের নেতৃবৃন্দ জানান, প্রতিবছরের মতো এবারও উৎসব আনন্দঘন ও শান্তিপূর্ণভাবে উদযাপিত হওয়ায় তারা আনন্দিত। তারা বড়দিনের এই ভালোবাসা ও শান্তির বার্তা সমাজের সর্বস্তরে ছড়িয়ে পড়ার প্রত্যাশা ব্যক্ত করেন।

## 'রাজনীতির রাজপুত্র' বরণে

(প্রথম পৃষ্টার পর)

ফেস্টুন। আবহাওয়া অফিস জানিয়েছে, দেশের সব অঞ্চলেই তাপমাত্রা নেমে এসেছে ১৫ ডিগ্রি সেলসিয়াসের ঘরে। ঢাকার তাপমাত্রা নেমে এসেছে ১৪ ডিগ্রি সেলসিয়াসে। দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে রাজশাহীতে ১০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক জানিয়েছেন, সূর্যের আলো না আসায় এবং ঘন কুয়াশা থাকায় শীতের অনুভূতি বেড়েছে। এ ছাড়া উত্তর ও উত্তর-পশ্চিম দিক থেকে বাতাসও বয়ে যাচ্ছে। সব মিলিয়ে শীতের অনুভূতি বেশি পাওয়া যাচ্ছে।

## যেকোনো মূল্যে দেশের শান্তিশৃঙ্খলা

(প্রথম পৃষ্টার পর)

দেশের মানুষের মধ্যে যখন অনিশ্চয়তা, উদ্বেগ দেখা দিয়েছে এমন সময় দেশে ফিরে এই প্রত্যয় জানালেন তারেক রহমান। আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি জয়ী হলে তাঁকে প্রধানমন্ত্রী করা হবে বলে দলটির নেতাদের পক্ষ থেকে বলা হচ্ছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টা ৩৯ মিনিটে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন তারেক রহমান। সেখানে দলের শীর্ষস্থানীয় নেতারা তাঁকে স্বাগত জানান। প্রায় এক ঘণ্টা বিমানবন্দরে অবস্থান করে দুপুর ১২টা ৪১ মিনিটে পূর্বাচলে নির্মিত গণসংবর্ধনা মঞ্চের উদ্দেশে বাসে করে যাত্রা করেন তিনি। তারেক রহমানকে স্বাগত জানাতে বিমানবন্দরের আশপাশের সড়ক ও পূর্বাচলে সমবেত হয়েছিলেন লাখ লাখ নেতাকর্মী। উচ্ছসিত নেতাকর্মীদের অভিনন্দনের জবাব দিতে দিতে সংবর্ধনাস্থলে যান তারেক রহমান। এতে সাত কিলোমিটার দূরত্বের ওই পথ যেতে তিন ঘণ্টার বেশি সময় লেগে যায়।

বিকেল ৪টার আগে পূর্বাচলে জুলাই ৩৬ এক্সপ্রেসওয়েতে আয়োজিত সংবর্ধনা মঞ্চে ওঠেন তারেক রহমান। লাখ লাখ মানুষের উপস্থিতিতে বক্তব্য দিতে দাঁড়িয়ে তিনি বলেন, 'আধিপত্যবাদী শক্তির গুপ্তচরেরা বিভিন্নভাবে ষড়যন্ত্রে এখন লিপ্ত রয়েছে। আমাদের ধৈর্যশীল হতে হবে। আমাদের ধৈর্য ধারণ করতে হবে।'

তরুণ প্রজন্ম আগামী দিনে দেশের নেতৃত্ব দেবে উল্লেখ করে তারেক রহমান বলেন, 'তরুণ প্রজন্মের যে সদস্যরা আছেন, আপনারাই আগামী দিনে দেশকে নেতৃত্ব দেবেন, দেশকে গড়ে তুলবেন। এই দায়িত্ব তরুণ প্রজন্মের সদস্যদের আজ গ্রহণ করতে হবে, যাতে করে এই দেশকে আমরা সুন্দরভাবে গড়ে তুলতে পারি। যেন গণতান্ত্রিক ভিত্তি, শক্তিশালী অর্থনৈতিক ভিত্তির ওপরে যাতে এই দেশকে আমরা গড়ে তুলতে পারি।'

জনগণের প্রত্যাশিত বাংলাদেশ গড়ে তুলতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সব নেতাদের প্রতি আহ্বান জানান তারেক রহমান। এ প্রসঙ্গে তিনি বলেন, 'যেকোনো মূল্যে আমাদের এই দেশের শান্তিশৃঙ্খলা রক্ষা করতে হবে। যেকোনো উসকানির মুখে আমাদের ধীর শান্ত থাকতে হবে।'

তারেক রহমানের আগে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও সংবর্ধনা কমিটির আহ্বায়ক দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ সংক্ষিপ্ত বক্তব্য দেন। বিএনপির মঞ্চে মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও সালাহউদ্দিন আহমদ ছাড়াও বিএনপির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন, মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, আবদুল মঈন খান, নজরুল ইসলাম খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী, সেলিমা রহমান, ইকবাল হাসান মাহমুদ, হাফিজ উদ্দিন আহমেদ, এ জেড এম জাহিদ হোসেন উপস্থিত ছিলেন।

এ ছাড়া দীর্ঘদিনের যুগপৎ আন্দোলনের সঙ্গীদের মধ্যে বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, বাংলাদেশ জাতীয় পার্টির (বিজেপি) চেয়ারম্যান আন্দালিব রহমান পার্থ, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি, জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) জ্যেষ্ঠ সহসভাপতি তানিয়া রব, গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হক, এনডিএমের চেয়ারম্যান ববি হাজ্জাজ, এনপিপির চেয়ারম্যান ফরিদুজ্জামান ফরহাদ, গণফোরামের সুব্রত চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক নুরুল আমিন ব্যাপারীসহ অনেকে উপস্থিত ছিলেন।

এর আগে সকাল ১০টা থেকে নেতা-কর্মীদের উজ্জীবিত রাখতে মঞ্চ থেকে বক্তৃতা দিয়েছেন বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দীন চৌধুরী ও প্রচার সম্পাদক সুলতান সালাউদ্দিন। তারেক রহমানকে স্বাগত জানাতে আয়োজিত এই অনুষ্ঠানে সারা দেশ থেকে আগত লাখ লাখ নেতাকর্মী এই কর্মসূচিতে অংশ নেন।

## দুজনের হাসি থেমে গেল দুর্ঘটনায়

(প্রথম পৃষ্টার পর)

এবং নতুন সংসারের আনন্দ উদযাপন করছিলেন। পরিবারের চোখের সামনে তার জীবন হঠাৎ থেমে যাওয়ায় অসহায়ত্ব এবং শোকের ছায়া কেবল ভাষায় প্রকাশ করা যায় না। দুর্ঘটনাটি ঘটে গত মঙ্গলবার সকালে, যখন রকিবুল ইসলাম তার ভাগ্নে লিজনকে নিয়ে মোটরসাইকেলে করে টেংরা মারির উদ্দেশ্যে রওনা দেন। পথিমধ্যে আশরফপুর বোরিং এলাকায় বিপরীত দিক থেকে আসা বালুবাহী ড্রামট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এ ঘটনাস্থলেই লিজন নিহত হন এবং রকিবুল গুরুতর আহত হন। তাকে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজে রেফার্ড করা হয়।

দুজনের হারানো জীবন পরিবার ও গ্রামের জন্য এক অপূরণীয় ক্ষতি। নতুন সংসারের স্বপ্ন, পরিবারিক আনন্দ এবং জীবনের আশা হঠাৎই থেমে গেছে।

# তরুণ প্রজন্ম বিপথে যাচ্ছে এখনই থামাতে হবে

মিজানুর রহমান অপু



দেশের স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়পড়ুয়া শিক্ষার্থীদের মধ্যে নীরবে জন্ম নিচ্ছে এক গভীর মানসিক ও সামাজিক সংকট। কৈশোরের অস্থির আবেগ, পরিবারে ভালোবাসা ও সময়ের ঘাটতি, শিক্ষকদের দিকনির্দেশনার অভাব এবং নিয়ন্ত্রণহীন প্রযুক্তি ব্যবহারের ফলে কিশোর-কিশোরীরা দ্রুত হারিয়ে ফেলছে আত্মনিয়ন্ত্রণ। অষ্টম বা নবম শ্রেণীতেই অনেক শিক্ষার্থী জড়িয়ে পড়ছে আবেগনির্ভর প্রেম-সম্পর্কে, যা তাদের পড়াশোনা থেকে বিচ্যুত করছে এবং কোনো কোনো ক্ষেত্রে ঠেলে দিচ্ছে নেশা, বাল্যবিবাহ কিংবা আত্মঘাতী প্রবণতার দিকে। বিশেষজ্ঞদের মতে, পরিবার ও শিক্ষা ব্যবস্থার দুর্বলতা, সামাজিক মূল্যবোধের অবক্ষয় এবং অনলাইন জগতের অবারিত স্বাধীনতা মিলিয়ে শিশু-কিশোরদের মানসিক ভারসাম্য ভেঙে পড়ছে। বয়স অনুযায়ী পরিপক্বতা তৈরি হওয়ার আগেই তারা সম্পর্ক, বিচ্ছেদ ও আবেগের চাপ সামলাতে গিয়ে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ছে। শিক্ষকদের অভিজ্ঞতা বলছে, বর্তমানে অনেক শিক্ষার্থী শ্রেণিকক্ষে উপস্থিত থাকলেও মনোজগতে তারা ভার্চুয়াল দুনিয়ায় বাস করছে। পরিবার থেকে বিচ্ছিন্নতা, মোবাইল ও সামাজিক যোগাযোগমাধ্যমে অতিরিক্ত আসক্তি তাদের পড়াশোনার আগ্রহ কমিয়ে দিচ্ছে। বিদ্যালয় বা কলেজে তারা আর কাউকে নিজের কথা বলার জায়গা হিসেবে পাচ্ছে না। এই সংকট কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়েও অব্যাহত থাকে। নতুন স্বাধীনতা, নিয়ন্ত্রণহীন সিদ্ধান্ত গ্রহণ এবং ভুল সম্পর্ক অনেক মেধাবী শিক্ষার্থীকেও ধীরে ধীরে বিপথে ঠেলে দিচ্ছে। গবেষণায় দেখা গেছে, পরিবার থেকে মানসিকভাবে বিচ্ছিন্ন তরুণদের মধ্যে নেশা, ধূমপান, রাতভর মোবাইল ব্যবহার এবং শিক্ষাজীবন থেকে ছিটকে পড়ার প্রবণতা দ্রুত বাড়ছে। বিশেষ করে তরুণীদের ক্ষেত্রে আবেগ, বিশ্বাস ও অভিজ্ঞতার অভাব ভয়াবহ পরিণতি ডেকে আনছে। প্রতারণা, সামাজিক চাপ ও মানসিক আঘাত অনেকের জীবনকেই থামিয়ে দিচ্ছে। এই পরিস্থিতি চলতে থাকলে ভবিষ্যৎ জাতি গঠন মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। কারণ একটি দেশের সবচেয়ে বড় সম্পদ তার তরুণ সমাজ। সেই সমাজ যদি নৈতিকতা, আত্মনিয়ন্ত্রণ ও লক্ষ্যচ্যুতিতে ভোগে, তবে শিক্ষার মান, সৃজনশীলতা ও মানবিক শক্তি–সবই দুর্বল হয়ে পড়বে। এ সংকট মোকাবিলায় পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজ–সবার সম্মিলিত ভূমিকা জরুরি। বাবা-মাকে সন্তানকে সময় দিতে হবে, শাসন নয় বোঝাপড়ার মাধ্যমে পথ দেখাতে হবে। শিক্ষকদের শুধু পাঠদানে সীমাবদ্ধ থাকলে চলবে না; শিক্ষার্থীর মানসিক পরিবর্তন বুঝে অভিভাবকের মতো দিকনির্দেশনা দিতে হবে। একই সঙ্গে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মনোসামাজিক কাউন্সেলিং ব্যবস্থা গড়ে তোলা সময়ের দাবি।তরুণদের দমিয়ে রাখা নয়, বরং ভালোবাসা, মূল্যবোধ ও আত্মবিশ্বাস দিয়ে গড়ে তুলতেই হবে। আজ যদি আমরা এই দায়িত্বে ব্যর্থ হই, তবে আগামী প্রজন্ম শুধু শিক্ষায় পিছিয়ে পড়বে না–হারিয়ে ফেলবে জীবনের মূল লক্ষ্যও।

# জুমার দিন কখন গোসল করা সুন্নত

মুফতি সাইফুল ইসলাম

ইসলাম ধর্মে জুমার দিনকে বিশেষ মর্যাদা দেওয়া হয়েছে। সাপ্তাহিক ঈদ হিসেবে পরিচিত এ দিনের রয়েছে অসংখ্য ফজিলত। এসব ফজিলতের অন্যতম হলো জুমার দিনে সুন্নতি গোসল করা। হাদিস ও ফিকহের আলোকে–কোন সময় এই গোসল করা উত্তম, সে বিষয়ে রয়েছে সুস্পষ্ট দিকনির্দেশনা। জুমার দিনে গোসল করার বিষয়ে রাসুলুল্লাহ (সা.)-এর পক্ষ থেকে জোরালো তাগিদ এসেছে। সহিহ বুখারি ও মুসলিমে বর্ণিত হাদিসে আছে– "জুমার দিনে গোসল করা প্রত্যেক প্রাপ্তবয়স্ক মুসলিমের ওপর ওয়াজিব।" মুহাদ্দিসরা ব্যাখ্যা করেছেন, এখানে 'ওয়াজিব' বলতে ফরজ বোঝানো হয়নি; বরং এটি জোরালো সুন্নত। জুমার গোসলের উদ্দেশ্য হলো শরীরকে পবিত্র ও পরিচ্ছন্ন রাখা, ঘামের দুর্গন্ধ দূর করা এবং জামাতে নামাজ আদায়ের পরিবেশকে সুন্দর ও আরামদায়ক করা। সম্মিলিত ইবাদতে যেন কারও কষ্ট না হয়–সে কারণেই জুমার গোসলের প্রতি এত গুরুত্ব দেওয়া হয়েছে। ফজরের নামাজের পর থেকে জুমার নামাজের সময় প্রবেশের আগ পর্যন্ত যেকোনো সময় গোসল করলে সুন্নত আদায় হয়ে যায়। তবে এর মধ্যেও উত্তম ও সর্বোত্তম সময় রয়েছে। ফকিহদের মতে, জুমার নামাজে যাওয়ার ঠিক আগে গোসল করাই সর্বোত্তম। রাসুলুল্লাহ (সা.)-এর সাহাবারা সাধারণত এ সময়েই গোসল করতেন। এতে শরীর সতেজ থাকে এবং মসজিদে উপস্থিত মুসল্লিরা কোনো ধরনের দুর্গন্ধজনিত কষ্ট থেকে রক্ষা পান। যদি কেউ খুতবা শুরু হওয়ার পর গোসল করে, তাহলে তা জুমার সুন্নতি গোসল হিসেবে গণ্য হবে না। তবে সাধারণ পবিত্রতার জন্য গোসল করা বৈধ এবং এতে নামাজ আদায়ে কোনো সমস্যা নেই। যাদের ওপর জুমার নামাজ ফরজ, মূলত তাদের জন্যই জুমার গোসল সুন্নত। নারীদের ওপর যেহেতু জুমা ফরজ নয়, তাই তাদের জন্য জুমার গোসলও সুন্নত নয়। একইভাবে শিশুদের জন্যও এটি প্রযোজ্য নয়। হাদিসে আরও এসেছে– "যে ব্যক্তি জুমার দিনে গোসল করে, উত্তমরূপে পবিত্রতা অর্জন করে, মসজিদে যায় এবং মনোযোগ দিয়ে খুতবা শোনে–তার প্রতিটি পদক্ষেপের বিনিময়ে এক বছর রোজা রাখা ও রাত জেগে নামাজ পড়ার সওয়াব লেখা হয়।" (সহিহ বুখারি) এই হাদিস প্রমাণ করে, জুমার গোসল কেবল পরিচ্ছন্নতার বিষয় নয়; বরং এটি অত্যন্ত সওয়াবের একটি গুরুত্বপূর্ণ আমল। জুমার দিন মুসলিম উম্মাহর জন্য বরকতময় ও তাৎপর্যপূর্ণ একটি দিন। এ দিনের সুন্নত ও আদব যথাযথভাবে পালন করলে ব্যক্তি ও সমাজ–উভয়ই উপকৃত হয়। জুমার গোসল সেই সুন্নতগুলোর অন্যতম, যা পবিত্রতা, শালীনতা ও সম্মিলিত ইবাদতের সৌন্দর্যকে আরও বাড়িয়ে তোলে।

## বড়দিনে শুভেচ্ছা জানালেন ইউএনও

(প্রথম পৃষ্টার পর)

পরিদর্শনকালে তিনি পুলিশ, গ্রাম পুলিশ ও স্বেচ্ছাসেবক সদস্যদের বিভিন্ন প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। ইউএনও সাইফুল হুদা বলেন, ধর্মীয় উৎসবকে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে উদযাপন করতে সকলের সহযোগিতা নিশ্চিত করতে হবে।

## ঝিনাইদহে উৎসবমুখর পরিবেশে

(প্রথম পৃষ্টার পর)

জন্মদিনের কেক কাটা হয় এবং বিশেষ প্রার্থনায় দেশ ও জাতির মঙ্গল কামনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাথী বিশ্বাস। প্রধান আলোচক পাস্টর ডেনিস সরকার যিশু খ্রিস্টের জীবন বৃত্তান্ত তুলে ধরে বলেন, "যিশু খ্রিস্ট মানুষকে ভালোবাসা এবং ক্ষমার শিক্ষা দিয়েছেন। আজকের দিনে ঘৃণা ভুলে সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হওয়া আমাদের অঙ্গীকার হওয়া উচিত।" বড়দিনের আনন্দ সবচেয়ে বেশি ছুঁয়ে গেছে শিশুদের। শিশুদের জন্য আলাদা কেক কাটা ও উপহার বিতরণের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্যায়ে ভক্তদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে বিশেষ ধর্মীয় নৃত্য পরিবেশিত হয়, যা উপস্থিত সবাইকে মুগ্ধ করেছে। উৎসবকালে প্রতিটি গির্জা ও সংলগ্ন এলাকায় প্রশাসনের কড়া নজরদারি ছিল। রঙিন আলোকসজ্জা, ক্রিসমাস ট্রি এবং আলপনায় সাজানো গির্জাগুলো এক উৎসবমুখর পরিবেশের জন্ম দিয়েছে। শুধুমাত্র খ্রিস্টান সম্প্রদায় নয়, অন্যান্য ধর্মের মানুষরাও এই আয়োজনকে সাম্প্রদায়িক সম্প্রীতির মিলনমেলায় পরিণত করেছেন।

## কালীগঞ্জে অস্ত্র ও ইয়াবা জব্দ, দুজন

(প্রথম পৃষ্টার পর)

গ্রেপ্তার করা হয়। অপর অভিযানে উল্লা গ্রামে পরিত্যক্ত অবস্থায় ১টি ওয়ান শুটারগান ও ২টি ককটেল উদ্ধার করা হয়। কালীগঞ্জ থানার উপ-পরিদর্শক (এসআই) নাজমুল হোসেন খান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করেছেন। থানার ওসি জেল্লাল হোসেন জানিয়েছেন, গ্রেপ্তারকৃত দুজনকে আদালতে সোপর্দ করা হবে এবং অস্ত্র উদ্ধারের ঘটনায় অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে। তদন্ত প্রক্রিয়া বর্তমানে চলমান।

## জামায়াতের সঙ্গে এনসিপির আসন

(প্রথম পৃষ্টার পর)

রাজনৈতিক পরিষদ সদস্য আরিফুল ইসলাম আদীব এ তথ্য জানিয়েছেন। এ বিষয়ে আলোচনার প্রথম প্রেক্ষাপট তৈরি হয়েছে কয়েকদিন ধরেই। সকাল সাড়ে ৮টার দিকে ফেসবুকে একটি পোস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক ও বিলুপ্ত হওয়া গণতান্ত্রিক ছাত্র সংসদের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক আব্দুল কাদের লিখেছেন, "তারুণ্যের রাজনীতির কবর রচিত হতে যাচ্ছে। এনসিপি অবশেষে জামাতের সঙ্গে সরাসরি জোট বাঁধছে। সারাদেশের মানুষের এবং নেতাকর্মীদের আশা-আকাঙ্ক্ষাকে উলঙ্গ করে গুটিকয়েক নেতার স্বার্থ হাসিল করতেই তারা এমন সিদ্ধান্ত নিচ্ছে।" আন্দাজ করা হচ্ছে, সবকিছু ঠিক থাকলে আগামীকাল এই জোটের আনুষ্ঠানিক ঘোষণা আসতে পারে। আব্দুল কাদের আরও উল্লেখ করেন, প্রথমে এনসিপি জামায়াত থেকে ৫০টি আসন চেয়েছিল, যা দর কষাকষির শেষে ৩০টিতে চূড়ান্ত হয়েছে। জোটের শর্ত অনুযায়ী, বাকি ২৭০টি আসনে এনসিপি কোনো প্রার্থী দিতে পারবে না এবং সেইসব আসনে জামায়াতকে সমর্থন করবে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, এই সমঝোতা বাংলাদেশের জাতীয় রাজনীতিতে নতুন দ্বন্দ্ব এবং জোট কাঠামোকে কেন্দ্র করে সম্ভাব্য উত্তেজনা তৈরি করতে পারে। এনসিপি ও জামায়াতের এ ধরনের ঘনিষ্ঠ সম্পর্ক আগামী জাতীয় নির্বাচনে ভোটারদের মনোভাব ও নির্বাচনী ফলাফলের ওপর সরাসরি প্রভাব ফেলতে পারে।

## গাংনীতে ভারতীয় মদ, যৌন উত্তেজক

(প্রথম পৃষ্টার পর)

গজ বাংলাদেশের অভ্যন্তরে কাজিপুর বর্ডারপাড়া এলাকায় নিয়মিত টহল কার্যক্রম পরিচালনার সময় এ অভিযান চালানো হয়। জেসিও-৯২৭৬ সুবেদার মো. হাবিবুর রহমানের নেতৃত্বে টহলদল মালিকবিহীন অবস্থায় এসব চোরাচালানি পণ্য উদ্ধার করে।

উদ্ধারকৃত মালামালের মধ্যে রয়েছে ভারতীয় ৩০ বোতল মদ, ৭০০ পিস সিলডিনাফিল ট্যাবলেট এবং ১ হাজার ১৪০ পিস চকলেট বাজি। প্রাথমিকভাবে এসব পণ্যের সিজার মূল্য নির্ধারণ করা হয়েছে দুই লাখ ৮৩ হাজার ৫০০ টাকা। বিজিবি সূত্র জানায়, সীমান্ত এলাকায় চোরাচালান প্রতিরোধে নিয়মিত টহল ও অভিযান অব্যাহত রয়েছে। উদ্ধারকৃত মালামাল বিধি অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়াধীন রয়েছে।

## গাংনীর কৃষকের ৬ বিঘা ধানের

(প্রথম পৃষ্টার পর)

যাচ্ছে। প্রতিবেশী ও পরিবারের সহায়তায় পানি দিয়ে আগুন নিয়ন্ত্রণ করা সম্ভব হয়। ফায়ার সার্ভিসও এসে আগুন নিয়ন্ত্রণে আনে। স্থানী-য়রা অভিযোগ করেছেন, মানুষের প্রতি শত্রুতা দেখিয়ে গবাদি পশুর খাবারের এমন ক্ষতি করা চরম বর্বরতার পরিচয়। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস বলেন, এ বিষয়ে এখনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুর-১ আসনে মনোনীত

(প্রথম পৃষ্টার পর)

অরুনের পরিচিতি ও সাংগঠনিক নেটওয়ার্ক বিএনপির জন্য বড় সম্পদ। দলীয় সূত্র জানিয়েছে, কেন্দ্রীয় নেতৃত্ব মাঠপর্যায়ের সাংগঠনিক অবস্থা, পূর্ববর্তী নির্বাচনী ফলাফল এবং স্থানীয় জনমত বিবেচনা করে তাকে মনোনয়ন দিয়েছে। মনোনয়নের খবর ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের মধ্যে ব্যাপক উৎসাহ দেখা গেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমেও নেতাকর্মীরা শুভেচ্ছা জানিয়েছেন। দলীয় নেতারা মনে করছেন, চূড়ান্ত প্রার্থী ঘোষণার ফলে বিভ্রান্তি কমবে এবং সব শক্তি এখন একক প্রার্থীর পক্ষে কেন্দ্রীভূত করা সম্ভব হবে। বিশ্লেষকরা বলছেন, মেহেরপুর-১ আসনের মনোনয়ন রাজনৈতিক অঙ্গনে বিএনপির অবস্থান এবং প্রতিদ্বন্দ্বী দলের কৌশল উভয়ের উপর প্রভাব ফেলবে। আসনটি কেবল আঞ্চলিক নয়, বরং জাতীয় রাজনীতিতেও গুরুত্বপূর্ণ।

## ৫০ কোটি টাকা চাঁদাবাজির অভিযোগে 'জুলাইযোদ্ধা' সুরভী গ্রেপ্তার

সূর্যোদয় প্রতিবেদন

ব্ল্যাকমেইল, মামলা বাণিজ্য ও প্রতারণার মাধ্যমে বিপুল অর্থ আত্মসাতের অভিযোগে পরিচিত 'জুলাইযোদ্ধা' তাহরিমা জান্নাত সুরভীকে পুলিশ গ্রেপ্তার করেছে। বুধবার (২৪ ডিসেম্বর) গভীর রাতে গাজীপুরের টঙ্গী থেকে তার নিজ বাসা থেকে তাকে আটক করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, সম্প্রতি গুলশানের এক ব্যবসায়ীকে জুলাই আন্দোলন সংক্রান্ত মামলায় জড়ানোর ভয় দেখিয়ে প্রায় আড়াই কোটি টাকা আদায় করে একটি সংঘবদ্ধ প্রতারক চক্র। তদন্তে উঠে এসেছে, সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া তাহরিমা জান্নাত সুরভীই ওই চক্রের মূল নেতৃত্বে ছিলেন। প্রাথমিক তদন্তে জানা গেছে, চক্রটি বিভিন্ন ভুক্তভোগীর কাছ থেকে ব্ল্যাকমেইল ও চাঁদাবাজির মাধ্যমে প্রায় ৫০ কোটি টাকা আদায় করেছে। মামলার অভিযোগে বলা হয়, গত বছরের জুলাইআগস্ট আন্দোলনের সময় গুলশান ও বাড্ডা এলাকায় সংঘটিত হত্যা মামলায় জড়িয়ে দেওয়ার হুমকি দিয়ে এক ব্যবসায়ীর কাছ থেকে ধাপে ধাপে অর্থ আদায় করা হয়। চক্রটি আসামি বানানো, পুলিশি হয়রানি এবং গ্রেপ্তারের ভয় দেখানোর পাশাপাশি 'মীমাংসা' করার প্রলোভনে বিপুল অঙ্কের টাকা আদায় করত। প্রতারণার মূলহোতা হিসেবে অভিযুক্ত তাহরিমা গাজীপুরের ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের শিক্ষার্থী। সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল ভিডিও, বিতর্কিত কর্মকাণ্ড এবং লাইভ সম্প্রচারের কারণে তিনি আগে থেকেই আলোচিত। অভিযোগ রয়েছে, নিজের ভাইরাল পরিচিতি ব্যবহার করে প্রভাবশালী ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ তৈরি করতেন এবং পরবর্তীতে ভয় দেখিয়ে অর্থ আদায় করতেন।

## সম্পর্কের নতুন চ্যালেঞ্জে বাংলাদেশ-ভারত

সূর্যোদয় প্রতিবেদন

গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের পর বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি এবং শেখ হাসিনাকে আশ্রয় দেওয়া নিয়ে ভারতের সঙ্গে দুই দেশের সম্পর্কের মধ্যে নতুন চ্যালেঞ্জ সৃষ্টি হয়েছে। এ সময় দেশটিতে পালিয়ে আশ্রয় নেন আরও অনেক নেতা। এরপর থেকে দুই দেশের সম্পর্ক ধীরে ধীরে তিক্ত হয়ে উঠেছে। বিশ্লেষকরা বলছেন, সাম্প্রতিক কয়েকটি ঘটনায় বাংলাদেশের-ভারতের রাজনৈতিক সম্পর্ক নতুন সংকটের মুখে পড়েছে। সাম্প্রতিক ১৫ দিনে সম্পর্কের শীতলতা তলানিতে নেমেছে। গত ১০ দিনে দুই দেশ দুবার করে পরস্পরের কূটনীতিককে তলব করেছে। বিশেষ করে মঙ্গলবার (২৩ ডিসেম্বর) ঢাকায় ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা এবং নয়াদিল্লিতে বাংলাদেশের হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লাহকে একসাথে তলব করা হয়। এটি বাংলাদেশ-ভারতের কূটনৈতিক ইতিহাসে নজিরবিহীন ঘটনা। ঢাকায় ভারতের হাইকমিশনারকে পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম এবং নয়াদিল্লিতে বাংলাদেশের হাইকমিশনারকে যুগ্ম সচিব বি শ্যামের মাধ্যমে তলব করা হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, এই প্রক্রিয়া সম্পর্কের আরও অবনতির ইঙ্গিত বহন করে। পাশাপাশি, ভারতের বিভিন্ন শহরে বাংলাদেশ মিশনের সামনে বিক্ষোভ ও হামলা, এবং বাংলাদেশের মধ্যে ভারতবিরোধী রাজনৈতিক মনোভাব এই উত্তেজনা বাড়িয়েছে। ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক পারভেজ করিম আব্বাসী বলেন, "গত ১৬ বছরে বাংলাদেশ-ভারত সম্পর্কের ধারার প্রভাব দেশের সাধারণ মানুষের মনোভাবের ওপর পড়েছে। ভারতের একচেটিয়া সমর্থন এবং স্থানীয় রাজনৈতিক বিষয়গুলোই সম্পর্কের অবনতির মূল কারণ।" তিনি আরও বলেন, "ভারত ও বাংলাদেশের রাজনৈতিক নেতা এবং মিডিয়ার একপক্ষীয় বক্তব্য এই উত্তেজনাকে আরও তীব্র করছে।" তবে অর্থনৈতিক সম্পর্ক এখনও স্বাভাবিক রয়েছে। অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ জানিয়েছেন, "ভারতের সঙ্গে বাণিজ্যিক যোগাযোগ অব্যাহত রয়েছে। উদাহরণস্বরূপ, ভারত থেকে ৫০ হাজার টন চাল আমদানির অনুমোদন দেওয়া হয়েছে।" দুই দেশের উত্তেজনা নিয়ন্ত্রণে রাশিয়া ও জাপানসহ বন্ধু রাষ্ট্রগুলো উদ্বেগ প্রকাশ করেছে। জাপান এবং রাশিয়া মনে করছে, উত্তেজনা শুধু সীমান্তে সীমাবদ্ধ নয়, এটি দক্ষিণ এশিয়ার স্থিতিশীলতার জন্যও ঝুঁকি তৈরি করছে। বিশ্লেষকরা মনে করেন, একে অপরের জাতীয় নিরাপত্তা ও অগ্রাধিকারকে সম্মান করে সমতার ভিত্তিতে কূটনৈতিক সম্পর্ক পরিচালনা করলে দুই দেশের সম্পর্ক টেকসই হতে পারে।

## নোয়াখালীর অনুশীলনে রাগে মাঠ ছেড়ে গেলেন সুজন

সূর্যোদয় প্রতিবেদন

নোয়াখালী এক্সপ্রেসের হেড কোচ খালেদ মাহমুদ সুজন ও সহকারী কোচ তালহা জুবায়ের বৃহস্পতিবার দুপুরে অনুশীলনের আগেই মাঠ ছেড়ে চলে গেছেন। অভিযোগ, প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট না পাওয়ায় তারা ক্ষোভে এমন সিদ্ধান্ত নিয়েছেন। বেলা ২টার দিকে আউটার স্টেডিয়ামে অনুশীলন শুরুর কথা থাকলেও দেখা যায়, খেলোয়াড়দের জন্য প্রয়োজনীয় বলের সংখ্যা ছিল মাত্র তিনটি। অনুশীলনের জন্য নতুন ও ব্যবহৃত মিলিয়ে অন্তত ২৪টি বল প্রয়োজন হলেও সেটি সরবরাহ করা হয়নি। হেড কোচ সুজন মালিক পক্ষকে বল দিতে অনুরোধ করেন, কিন্তু সেখানে তিনি কোনো সমাধান পাননি। জানা গেছে, মালিক পক্ষ সুজনকে বলেছেন, "আপনি কোচ, অত কিছু দেখার কাজ নেই, এ দায়িত্ব মালিক পক্ষ দেখবে।" এ কথা শুনে কোচ সুজন রাগে ক্ষোভে অনুশীলন বাতিল করে টিম হোটেলে ফিরে যান। এ ঘটনায় কোচ খালেদ মাহমুদ সুজনের তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানতে চাইলে তার ফোন বন্ধ পাওয়া গেছে। বর্তমানে তার অবস্থান ও মন্তব্য পাওয়া যায়নি। এই ঘটনার মাধ্যমে নোয়াখালী এক্সপ্রেসের দলের অনুশীলন ও প্রস্তুতির ওপর নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে বিশেষজ্ঞরা মনে করছেন। দলের অন্যান্য খেলোয়াড় ও কর্মকর্তারা অনুশীলনের পুনরায় আয়োজনের অপেক্ষায় রয়েছেন।

## ৪৫ বছর বয়সে বিয়ে করলেন ভেনাস উইলিয়ামস

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন টেনিস তারকা ভেনাস উইলিয়ামস ৪৫ বছর বয়সে বিয়ে করেছেন। বিয়ে করেছেন ইতালিয়ান অভিনেতা ও প্রযোজক আন্দ্রেয়া প্রেটির সঙ্গে। দুটি পরিবারের সদস্য এবং ঘনিষ্ঠ বন্ধুর উপস্থিতিতে ফ্লোরিডার পাম বিচে বিয়ে অনুষ্ঠিত হয়। এ বিষয়ে আগে ১৮ সেপ্টেম্বর ইটালির ইস্কিয়ায় গোপন পারিবারিক অনুষ্ঠানে তাদের বাগদান সম্পন্ন হয়েছিল। বিশ্বের সাবেক এক নম্বর এই টেনিস তারকা বিয়েটিকে ঘনিষ্ঠভাবে রাখতে চেয়েছেন। বড় বোন সেরেনা উইলিয়ামস সামাজিক যোগাযোগ মাধ্যমে ভেনাসকে শুভেচ্ছা জানিয়ে লিখেছেন, "বাড়ির উঠোনের কোর্ট থেকে বিশ্বের সবচেয়ে বড় মঞ্চ পর্যন্ত তুমি সব সময় অনুপ্রেরণা, শক্তি। যে কোনও ট্রফির থেকেও বড় তোমার হৃদয়। এই নতুন অধ্যায়ে পা রাখায় মনে হচ্ছে, সূর্যোদয় দেখছি।" তিনি আরও লিখেছেন, "তুমি আমার সেরা বন্ধু, রক্ষক ও শিক্ষক। প্রতিদিন একে অপরকে বেছে নেওয়া আজীবনের জন্য। আজ নয়, সব সময় তোমার পাশে থাকতে পারায় গর্বিত।" ভেনাস উইলিয়ামস পেশাদার টেনিস ছাড়াও অলিম্পিকে দারুণ সফল। পাঁচটি অলিম্পিকে আমেরিকার প্রতিনিধিত্ব করেছেন। তার সংগ্রহে রয়েছে চারটি সোনা এবং একটি রুপার পদক। ভেনাসের বিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে সমগ্র টেনিসপ্রেমীদের জন্য আনন্দ ও উৎসবের খবর হিসেবে দেখা হচ্ছে।

তেলের বিনিময়ে পানি

## ভয়াবহ খরা মোকাবিলায় তুরস্কের সঙ্গে ইরাকের নতুন চুক্তি

সূর্যোদয় প্রতিবেদন

দজলা ও ফোরাত–দুই ঐতিহাসিক নদীর দেশ ইরাক বর্তমানে শতাব্দীর সবচেয়ে ভয়াবহ খরার মুখে। উজানে বাঁধ নির্মাণ, কম বৃষ্টিপাত ও জলবায়ু পরিবর্তনের প্রভাবে নদী দুটির পানিপ্রবাহ ভয়াবহ-ভাবে কমে গেছে। এ সংকট মোকাবিলায় তুরস্কের সঙ্গে 'তেলের বিনিময়ে পানি' চুক্তিতে গেছে ইরাক। আলজাজিরার তথ্যমতে, ১৯৩৩ সালের পর এটি ইরাকের সবচেয়ে শুষ্ক সময়। পশ্চিম এশিয়া থেকে পারস্য উপসাগরে প্রবাহিত দজলা ও ফোরাত নদীর পানির স্তর প্রায় ২৭ শতাংশ কমেছে। বিশেষজ্ঞরা বলছেন, উজানে তুরস্ক ও সিরিয়ায় নির্মিত বাঁধ এবং পানির প্রবাহে বিধিনিষেধ এই সংকট আরও বাড়িয়েছে। সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, যুদ্ধবিধ্বস্ত অবকাঠামো, সরকারি অব্যবস্থাপনা এবং দীর্ঘদিনের দুর্নীতি পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে। চার কোটি ৬০ লাখ জনসংখ্যার ইরাকে কৃষি খাতে ব্যবহৃত হয় দেশের মোট পানির ৮০ শতাংশের বেশি। গত নভেম্বরে তুরস্কের সঙ্গে কয়েকশ কোটি ডলারের 'পানি সহযোগিতা চুক্তি' করে ইরাক। এর আওতায় তুর্কি কোম্পানিগুলো ইরাকে পানিশোধন ও পানি সংরক্ষণ অবকাঠামো নির্মাণ করবে। এর বিনিময়ে ইরাক প্রতিদিন নির্দিষ্ট পরিমাণ অপরিশোধিত তেল বিক্রি করে সেই অর্থে তুর্কি কোম্পানিগুলোর পাওনা পরিশোধ করবে। বিশ্লেষকদের মতে, এটি কার্যত তেলের বিনিময়ে পানির নিরাপত্তা নিশ্চিত করার উদ্যোগ। ইরাকি প্রধানমন্ত্রীর উপদেষ্টা তোহান আল-মুফতি জানান, দজলা ও ফোরাতের পানিপ্রবাহ ধরে রাখতে এটিই প্রথম বাধ্যবাধকতামূলক পদক্ষেপ। তবে বাগদাদভিত্তিক পানিনীতি বিশেষজ্ঞ শুরোক আলাবায়াচি সতর্ক করে বলেন, 'পানি একটি মৌলিক মানবাধিকার; একে তেলের রাজস্বের সঙ্গে পণ্য হিসেবে যুক্ত করা ঠিক নয়।' এই সংকটে সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত। জাতিসংঘের তথ্য অনুযায়ী, খরা ও পরিবেশগত বিপর্যয়ের কারণে এক লাখ ৬৮ হাজারের বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছেন। পানির অভাবে বহু কৃষক চাষাবাদ ছেড়ে দিতে বাধ্য হয়েছেন। বাবেল প্রদেশের সাবেক কৃষক আহমেদ আল-জাশআমির ভাষায়, 'পানি না থাকায় আমাদের জীবিকাই হারিয়ে গেছে।'